



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট,
সেগুনবাগিচা, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট-এর নৈতিকতা কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী।

| | |
|------------|--|
| সভাপতি | মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট, সভাপতি, নৈতিকতা কমিটি। |
| সভার তারিখ | ২৩-০৫-২০২১ ইং |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | অনলাইন |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ প্রণয়ন এবং ২০২০-২০২১ অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। তারপর সভাপতি অত্র অফিসের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা চতুর্থ কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সেই সম্বন্ধে আলোচনা করেন।

২.২ সভাপতি ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী প্রণয়ন, অংশীজনের সভা, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ, টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণ, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করা, অনলাইন সিস্টেম অভিযোগ নিষ্পত্তিকরণ করা, শাখা অধিশাখা পরিদর্শন, পরিদর্শন প্রতিবেদন বাস্তবায়ন, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, শুদ্ধাচার পুরস্কার প্রদান, কর্ম পরিবেশ উন্নয়ন তথা অকোজো মালামাল বিনষ্টকরণ, কর্ম পরিকল্পনার অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থর আনুমানিক পরিমাণ নির্ধারণ শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ, দুর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড প্রস্তুত করে বিতরণ করা, জ্বালানি ও টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করা, এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার কথা বলা। পরিশেষে, সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

ক) অংশীজনের সভা, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ এবং শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের যে কর্ম-পরিকল্পনা তৈরি

করা হয়েছে তা অনুমোদন প্রদান করা হল।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট,
সভাপতি, নৈতিকতা কমিটি।


স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.২১২

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮

২৩ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।
- ২) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট,
সভাপতি, নৈতিকতা কমিটি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.২০৭

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৮

oundefined undefined
undefinedundefinedundefinedundefined

নোটিশ

হাইড্রোকার্বন ইউনিটের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা পরিচালক (উপসচিব) জনাব মোঃ জাকির হোসেন এর সভাপতিত্বে আগামী ২৩ মে বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নবর্ণিত লিংক এ অনুষ্ঠিত হবে।

Topic: HCU Internal Meeting

Time: 23 May, 2021, 3:00 PM Astana, Dhaka

Join from PC, Mac, Linux, iOS or Android:

<https://uni-sydney.zoom.us/j/4037050814?pwd=emZLVmZuZG5Vam5iU2NYWFkERBZz09>

Id; 4037050814

Password:838884

২। উক্ত সভায় সকলকে যথাসময়ে ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য বলা হ'ল।

১৯-৫-২০২১

মোঃ জাকির হোসেন

পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)

ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট
- ৬) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা , উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) , হাইড্রোকার্বন ইউনিট
- ৮) নোটিশ বোর্ড, হাইড্রোকার্বন ইউনিট।
- ৯) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।